

বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা শাখা
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.parjatan.gov.bd

স্মারক নং- ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮/ ৬৭০

তারিখ: ৩০ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনায় ১.১.১ কর্মসম্পাদন সূচক মোতাবেক সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী সংস্থার কর্মকর্তাদের নিকট হতে আইডিয়া আহ্বান করা হলে জমাকৃত আইডিয়া হতে ডিজিটাল আইডিয়া হিসেবে 'মিটিং ম্যানেজমেন্ট সিস্টেম' শিরোনামে আইডিয়াটি বাস্তবায়নের উদ্দেশ্যে গ্রহণ করা হয়।

বাংলাদেশের পর্যটন করপোরেশন সৃষ্টিলাভ হতে দেশের পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশে কাজ করেছে। সংস্থার দাপ্তরিক কাজ সম্পাদনে সংস্থার অভ্যন্তরীণ বিভিন্ন শাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় ও জাতীয় সংসদ বিষয়ক স্থায়ী কমিটির বিভিন্ন সভা ও সেমিনারে সংস্থার সম্মানিত চেয়ারম্যানসহ অন্যান্য কর্মকর্তারা অংশগ্রহণ করে থাকেন। ফলে প্রায়শই দেখা যায় যে, একই সময়ে সংস্থার অভ্যন্তরীণসহ অন্যান্য দপ্তরের সভা একই দিন ও সময়ে আহ্বান করা হচ্ছে বা একটি সভা আহ্বানের জন্য দিনক্ষণ নির্ধারনে বিভিন্ন দপ্তরে খোঁজ খবর নিয়ে তারপর দিনক্ষণ নির্ধারন করতে হচ্ছে যা দাপ্তরিকভাবে সমস্যা ও জটিলতার সৃষ্টি করছে।

সংস্থার নিজস্ব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় ও সরকারের গুরুত্বপূর্ণ অন্যান্য বিভাগের আহ্বানকৃত সভার দিনক্ষণ সভার নোটিশের অনুলিপিসহ ডিজিটালি সংস্থার ওয়েবসাইটের ইভেন্ট ক্যালেন্ডারের মাধ্যমে খুব সহজেই জানার নিমিত্ত 'মিটিং ম্যানেজমেন্ট সিস্টেম' শিরোনামে আইডিয়াটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। আইডিয়াটি বাস্তবায়নের ফলে সংস্থার নিজস্বসহ সংশ্লিষ্ট অন্যান্য সভা আহ্বান ও সভা সুষ্ঠুরূপে সম্পাদনে জটিলতার অবসান করণ সম্ভব হচ্ছে। ভবিষ্যতেও এ জাতীয় জটিলতা অবসানের লক্ষ্যে সংস্থার চেয়ারম্যান শাখা, পরিচালকগণের শাখাসহ অন্যান্য শাখা কর্তৃক আয়োজিত সভার নোটিশের অনুলিপি, সে সাথে প্রশাসনিক মন্ত্রণালয় ও সরকারের অন্যান্য মন্ত্রণালয় এবং বিভাগের সভা আহ্বানের নোটিশের একটি অনুলিপি যথাসময়ে আইসিটি শাখায় প্রেরণে জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশটি জারী করা হলো।

মো: জাকির হোসেন সিকদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা)

স্মারক নং- ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮/

তারিখ: ৩০ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

- ১। পরিচালক (প্রশাসন/বাণিজ্যিক/ পরিকল্পনা), বাপক, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।
- ৩। ব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।
- ৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাপক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। উপব্যবস্থাপক (সকল), বাপক, ঢাকা।
- ৬। নির্বাহী কর্মকর্তা (সকল), বাপক, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট নথি।

মো: সাজেদুল কাশির
উপব্যবস্থাপক (পরিকল্পনা)